সাঁতার কাটতে পুলে নেমে রহস্যজনকভাবে উধাও প্রশিক্ষক

স্টাফ রিপোর্টার : হেদুয়ার ঘটনার পুনরাবৃত্তি হল এবার কলেজ স্কোয়ারে। সাঁতার কাটতে নেমে জলে তলিয়ে গেলেন জাতীয় স্তরের সাঁতারু কাজল দত্ত। সাঁতার কাটতে নেমে তিনি রহস্যজনকভাবে উধাও হয়ে যান বলে প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন। জানা যায়, সকাল ৭টায় সাঁতার কাটতে তিনি জলে নামেন। সেই সময় আচমকাই তিনি তলিয়ে যান। কাজলবাবু কলেজস্ট্রিটে সাঁতার প্রশিক্ষণ ক্লাবের প্রশিক্ষক ছিলেন। ঘটনার পর কলেজ স্কোয়ারের সাঁতার প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষকরা তাঁকে উদ্ধারের চেষ্টা করেন। খবর পেয়ে ঘটনাস্থলে আসে আমহার্স্ট স্ট্রিট থানার পুলিশ। জলে নামানো হয় ডুবুরিও। কিন্তু শুক্রবার বিকেল পর্যন্ত তাঁকে উদ্ধার করা যায়নি।

কলেজ স্কোয়ারে সাঁতারুর সন্ধানে জলে ডুবুরি। *ছবি-শ্যামল মৈত্র*

জানা যায়, প্রতিদিনের মতো এদিন সকালে তিনি সাঁতার শেখাতে এসেছিলেন কলেজ স্কোয়ারে। জলে নামেন, কিন্তু জলে নামার পরে তিনি তলিয়ে যেতে থাকেন। বিষয়টি লক্ষ্য করে কয়েকজন ছুটে আসেন। তাঁকে উদ্ধারের চেষ্টা করেন, কিন্তু পারেননি। এরপর থানায় খবর দেওয়া হয়। খবর পাওয়ার প্রায় দু'ঘণ্টা পর আমহার্স্ট স্ট্রিট থানার পুলিশ সেখানে পৌঁছয়। তাড়াতাড়ি খবর পাওয়া সত্ত্বেও পুলিশ কেন দেরি করে ঘটনাস্থলে পৌঁছল, তা নিয়ে প্রশ্ন তুলেছে স্থানীয়রা। তাঁর খোঁজে ডুবুরিদের তল্লাশি চলছে।

কলকাতা পুলিশের যুগ্ম কমিশনার (সদর) সুপ্রতীম সরকার সাংবাদিকদের প্রশ্নের উত্তরে জানিয়েছেন, এখনও এ ব্যাপারে পুলিশের

১২ ঘণ্টা পরেও খোঁজ মেলেনি সাঁতারুর

কাছে কেউ অভিযোগ দায়ের করেনি। প্রশিক্ষকের পরিবারের পক্ষ থেকেও কেউ অভিযোগ জানাননি। রাতে জানা যায়, প্রশিক্ষকের খোঁজে কলেজ স্কোয়ারের জল পাম্প করে তোলার কাজ শুরু হয়েছে। প্রশিক্ষকের পরিবারের প্রশ্ন, এত ভাল সাঁতারু হওয়া সত্ত্বেও তিনি জলে তলিয়ে গেলেন কীভাবে? এ নিয়ে সন্তরণবিদ্‌দের মধ্যে নানা প্রশ্ন উঠেছে। দাবি উঠছে এ ব্যাপারে পূর্ণাঙ্গ তদন্তের। কারণ সুইমিং পুলগুলি কতটা নিরাপদ সেই বিষয়টি দেখা দরকার। এক বছরের মধ্যে পরপর দু'টি মর্মান্তিক ঘটনা নাড়া দিয়েছে কলকাতা শহরকে।

প্রসঙ্গত, গত বছর ৩১ মে হেদুয়া পার্কে সাঁতার শিখতে গিয়ে জলে ডুবে মৃত্যু হয়েছিল কলকাতা বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রীর। এরপর এই ঘটনা নিয়ে তোলপাড় হয়। প্রশ্ন ওঠে, সাঁতার শেখার সময় উপযুক্ত নিরাপত্তার ব্যবস্থা থাকা দরকার। যাতে যারা সাঁতার শিখতে আসেন, তারা বিপদে না পড়ে। কিন্তু এ নিয়ে সেই সময় বেশকিছু কর্মসূচি নেওয়া হয়েছিল। কিন্তু তারপর গোটা বিষয়টি কার্যত ধামাচাপা পড়ে যায়। অবস্থা যেই তিমিরে ছিল সেই তিমিরেই রয়ে গিয়েছে। হেদুয়ার সাঁতার প্রশিক্ষণ কেন্দ্র বেশ কিছুদিন বন্ধ রাখা হয়েছিল। স্থানীয় ক্লাবগুলি এ ব্যাপারে বেশকিছু প্রতিশ্রুতি দিয়েছিল, কিন্তু তারপর আর কিছুই হয়নি।

প্রবল বৃষ্টিতে জলে ভাসছে ত্রিপুরার রাজধানী আগরতলা। রাস্তায় জলে প্রায় ডুবতে বসেছে এক সাইকেল রিক্সা।

শুক্রবার রাষ্ট্রপতি ভবনে শপথ গ্রহণের পর রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে নতুন উপরাষ্ট্রপতি বেঙ্কাইয়া নাইডু।

প্রবল বৃষ্টি ভুবনেশ্বরে

ভুবনেশ্বর, ১১ আগস্ট : **বৃহস্পতিবার রাত থেকে প্রবল বৃষ্টিতে ওড়িশার রাজধানী ভুবনেশ্বর এবং উপকূলের অন্যান্য এলাকার স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হয়। মৌসম ভবন জানিয়েছে, আগামী ২৪ ঘণ্টায় ওড়িশার উপকূলবর্তী জেলাগুলিতে মাঝারি থেকে ভারী ধরনের বৃষ্টিপাত হবে। বৃষ্টিপাতের পরিমাণ ছিল কালাহান্ডিতে ৬ সেমি, চান্দিখোল এবং কটকে ৪ সেমি।**

ব্যাঙ্কে টানা চারদিন ছুটি

নয়াদিল্লি, ১১ আগস্ট : **আজ শনিবার থেকে মঙ্গলবার পর্যন্ত টানা ছুটি অধিকাংশ ব্যাঙ্কে। ফলে গ্রাহকরা টাকা তোলা বা জমা দেওয়া কোনও কাজই করতে পারবেন না। শনিবার ১২ আগস্ট নিয়ম অনুসারে ব্যাঙ্কের ছুটি। ১৩ আগস্ট রবিবার, ১৪ আগস্ট ব্যাঙ্কে ছুটি জন্মাষ্টমী এবং ১৫ আগস্ট ব্যাঙ্ক বন্ধ স্বাধীনতা দিবস উপলক্ষ্যে। ব্যাঙ্ক বন্ধের ফলে এটিএমের গ্রাহকরাও অসুবিধায় পড়বেন বলে মনে করা হচ্ছে। বিশেষ করে চলতি মাসেই বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে ব্যাঙ্কের অফিসার ও কর্মীরা একদিনের ধর্মঘটের ডাক দিয়েছেন। এর ওপরে ব্যাঙ্কের টানা ছুটি। সব মিলিয়ে সংকটে পড়বেন গ্রাহকরা।**

সোনিয়ার ডাকে বিরোধীদের বৈঠকে মমতা

নয়াদিল্লি, ১১ আগস্ট : ২০১৯ সালের লোকসভা নির্বাচনকে সামনে রেখে ধর্মনিরপেক্ষ জোট গঠনের লক্ষ্যে শুক্রবার কংগ্রেস সভানেত্রী সোনিয়া গান্ধির ডাকে বিরোধীদের বৈঠকে উপস্থিত হয়েছিলেন তৃণমূল কংগ্রেসের সর্বোচ্চ নেত্রী তথা পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সংসদ ভবনে অনুষ্ঠিত এই বৈঠকে উপস্থিত ছিলেন প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং, কংগ্রেস সহ সভাপতি রাহুল গান্ধি, সিপিএম সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরি, রাজ্যসভার সদ্য নির্বাচিত কংগ্রেস সাংসদ আহমেদ প্যাটেল, সিপিআই নেতা ডি রাজা, রাজ্যসভায় কংগ্রেস নেতা গুলাম নবি আজাদ সহ বিভিন্ন দলের শীর্ষ নেতারা।

গত কয়েক মাসে বিভিন্ন ইস্যুতে কেন্দ্রীয় সরকারের একতরফা ভূমিকা, অসহিষ্ণুতা, নোট বাতিল ইস্যু, সেভিংসে সুদ কমানো, রান্নার গ্যাসের সিলিন্ডারের দাম বাড়ানো ও ভর্তুকি তুলে নেওয়ার সিদ্ধান্ত, যুক্তরাষ্ট্রীয় কাঠামোর বিধি না মানা, জিএসটির সমস্যা ইত্যাদি প্রশ্নে কেন্দ্রের বিরুদ্ধে সংসদের ভেতরে ও বাইরে আন্দোলনের কর্মসূচি নিয়ে আলোচনা হয়। এই আলোচনায় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যেভাবে কেন্দ্রের বিরুদ্ধে তোপ দাগছেন, অনেক নেতাই তার তারিফ করেন। তাঁরা মনে করেন, এভাবেই অন্যান্য দলের নেতা বা অবিজেপি রাজ্যের মুখ্যমন্ত্রীদের সরব হওয়া দরকার।

উল্লেখ্য, এর আগে মূলত বিজেপিকে ঠেকাতেই ধর্মনিরপেক্ষ দলগুলিকে নিয়ে কংগ্রেসের নেতৃত্বে ইউপিএ-১ ও ইউপিএ-২ গঠন হয়েছিল কেন্দ্রে। সেই সময় ইউপিএ গঠনের প্রধান কাণ্ডারি ছিলেন জ্যোতি বসু। সোনিয়া গান্ধির উপস্থিতিতে ইউপিএ-১ তৈরি হয়েছিল লোকসভার তদানীন্তন বাম নেতা সোমনাথ চট্টোপাধ্যায়ের উপস্থিতিতে তাঁর বাসভবনে। এবার সেই ধাঁচেরই জোট গঠন করা যায় কি না, তারই উদ্যোগ চলছে সোনিয়া গান্ধির নেতৃত্বে।

সম্প্রতি রাজ্যসভার নির্বাচনে গুজরাত থেকে কংগ্রেস নেতা আহমেদ প্যাটেল লড়াই করে জিতে আসায় কংগ্রেসের আত্মবিশ্বাস ফিরে এসেছে। প্যাটেলের জয়ের পর উদ্দীপনা বেড়েছে সব রাজ্যের কংগ্রেসিদের মধ্যে। এই পরিস্থিতিকে কাজে লাগিয়ে সোনিয়া গান্ধি চান দেশজুড়ে নানা ইস্যুতে বিজেপি বিরোধী আন্দোলন গড়ে উঠুক। তবে আবারও এই বৈঠক হবে সোনিয়া গান্ধির ডাকে।



সোনিয়া গান্ধির নেতৃত্বে ১৬ বিরোধী দলের বৈঠকে মনমোহন সিং, মমতা বন্দ্যোপাধ্যায়, সীতারাম ইয়েচুরি।

অযোধ্যা কাণ্ডের নথি অনুবাদে তিন মাসের সময় ধার্য শীর্ষ আদালতের, চূড়ান্ত শুনানি ৫ ডিসেম্বর

নয়াদিল্লি, ১১ আগস্ট : রাম জন্মভূমি-বাবরি মসজিদ বিরোধে সমস্ত ঐতিহাসিক দলিলের পূর্ণ অনুবাদ করার জন্য সুপ্রিম কোর্ট তিন মাসের সময় ধার্য করেছে। এর আগে সানি ওয়াকফ বোর্ড শীর্ষ আদালতে জানিয়েছিল, অযোধ্যার রাম জন্মভূমি-বাবরি মসজিদের সমস্ত ঐতিহাসিক দলিলের অনুবাদ সম্পূর্ণ হয়নি। এরপরেই শুক্রবার সুপ্রিম কোর্ট এই নির্দেশ দেয়। এই মামলার শুনানির জন্য দিন ধার্য হয়েছে আগামী ৫ ডিসেম্বর।

অযোধ্যা কাণ্ডে এলাহাবাদ হাইকোর্ট যে রায় দিয়েছিল, তাকে চ্যালেঞ্জ করে যে সমস্ত আবেদন জমা পড়েছে, তা বিচারের জন্যই সুপ্রিম কোর্ট প্রধান বিচারপতি জে এস খেহরের নেতৃত্বে তিন বিচারপতির ডিভিশন বেঞ্চ গঠন করেছে। এই বেঞ্চের অন্যান্য সদস্যরা হলেন বিচারপতি দীপক মিশ্র, বিচারপতি অশোক ভূষণ এবং বিচারপতি এস এ নাজির। গত ৮ আগস্ট উত্তর প্রদেশের সিয়া সেন্ট্রাল ওয়াকফ বোর্ড সুপ্রিম কোর্টে জানিয়েছিল, বিতর্কিত অযোধ্যার মূল জায়গা থেকে দূরত্ব রেখে মুসলিম প্রধান অঞ্চলে মসজিদ গড়ে তোলা যায়।

১৯৯২ সালের ৬ ডিসেম্বর অযোধ্যায় কর সেবকদের হাতে বাবরি মসজিদ ধূলিসাৎ হয়। এর ফলে সারা দেশে দাঙ্গা হয়েছিল। প্রায় দু'হাজার মানুষের মৃত্যু হয়।

হিন্দুদের দাবি, ওই জায়গাটি হল প্রভু রামচন্দ্রের জন্মস্থান, যেখানে ১৫২৮-২৯ খ্রিস্টাব্দে মসজিদ গড়ে তুলেছিলেন মীর বাকি। এরপর ওখানে মসজিদ তৈরি করেন সম্রাট বাবর। এরপরেই ওই মসজিদের নাম হয় বাবরি মসজিদ। ১৯৯২ সালে বাবরি মসজিদ ধূলিসাৎ হওয়ার আগে নিরমোহি আখরা জবরদস্তি ওই মসজিদ দখল করে। তাদের দাবি, এটি রাম জন্মভূমি, প্রভু রামচন্দ্রের জন্মস্থান।

উপরাষ্ট্রপতি পদে শপথ বেঙ্কাইয়ার

নয়াদিল্লি, ১১ আগস্ট : উপরাষ্ট্রপতি পদে শুক্রবার শপথ নিলেন এম বেঙ্কাইয়া নাইডু। রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ তাঁকে সংক্ষিপ্ত অনুষ্ঠানের পর রাষ্ট্রপতি ভবনের দরবার হলে শপথবাক্য পাঠ করান। এই অনুষ্ঠানে শাসক দল সহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা উপস্থিত ছিলেন। ৬৮ বছর বয়সি নাইডু এদিন তাঁর সেই চির পরিচিত পোশাক সাদা শার্ট এবং পাঞ্চি (লুঙ্গি) পরেই শপথ নেন হিন্দিতে ঈশ্বরের নামে শপথ করে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, প্রাক্তন উপরাষ্ট্রপতি হামিদ আনসারি, লোকসভার স্পিকার সুমিত্রা মহাজন, প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং, রাজ্যসভার বিরোধী দলের নেতা গুলামনবি আজাদ, প্রবীণ বিজেপি নেতা লালকৃষ্ণ আদবানি, কেন্দ্রীয় মন্ত্রীরা, বিভিন্ন রাজ্যের রাজ্যপাল, বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীরা এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এছাড়া সমাজবাদী পার্টির নেতা মুলায়ম সিং যাদব, এনসিপি নেতা তারিক আনোয়ার, সিপিআই নেতা ডি রাজা, টিএমসি নেতা সুদীপ বন্দ্যোপাধ্যায়, ডেরেক ও'ব্রায়েন এবং এআইএডিএমকে নেতারা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এছাড়া দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল ও বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমারও এই অনুষ্ঠানে উপস্থিত থাকেন। অনুষ্ঠান শেষে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, প্রাক্তন উপরাষ্ট্রপতি, বর্তমান রাষ্ট্রপতি এবং লালকৃষ্ণ আদবানি একসঙ্গে নানা আলোচনায় মেতে ওঠেন। উপরাষ্ট্রপতি বেঙ্কাইয়া নাইডুর স্ত্রী এম ঊষা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

প্রবীণ রাজনীতিবিদ্, বেঙ্কাইয়া নাইডু অন্ধ্রপ্রদেশের নেলোর জেলায় কৃষক পরিবারের সন্তান। তিনি বিভিন্ন সময় বিজেপির সভাপতি থেকে শুরু করে দলের গুরুত্বপূর্ণ পদে ছিলেন। দীর্ঘদিন ধরে তিনি রাজ্যসভার সদস্যও ছিলেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, সাধারণ কৃষক পরিবার থেকে উঠে আসা বেঙ্কাইয়া নাইডু সংবিধানের সর্বোচ্চ পদে আসীন হলেন, তিনি রাজ্যসভার চেয়ারম্যানও। এটাই ভারতীয় গণতন্ত্রের সবচেয়ে বড় দিন। আজকের এই দিনটিকে অত্যন্ত ঐতিহাসিক বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, ভারতের স্বাধীনতার জন্য এই দিনে লড়াই করেছিলেন ১৮ বছর বয়সে ক্ষুদিরাম বসু। ইংরেজরা তাঁকে ফাঁসি দেয়।

ট্যুইটে মোদীকে ধন্যবাদ ইভাঙ্কার

নয়াদিল্লি, ১১ আগস্ট : মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কন্যা ইভাঙ্কা ট্রাম্প বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করে তিনি সম্মানিত বোধ করেছেন। উল্লেখ্য, ইভাঙ্কা ট্রাম্পের একজন উপদেষ্টা। ২০১৭ সালে ভারতের বাণিজ্যিক সম্মেলনে যোগ দিতে যে মার্কিন প্রতিনিধি দল আসছে, তার নেতৃত্বে থাকবেন ইভাঙ্কা ট্রাম্প। ট্যুইটে তিনি বলেছেন, ২০১৭ সালে ভারতবর্ষে মার্কিন প্রতিনিধি দলকে নেতৃত্ব দিয়ে নিয়ে যাওয়া এবং প্রধানমন্ত্রী মোদীর সঙ্গে সাক্ষাতে আমি অত্যন্ত সম্মানিত।

এর প্রত্যুত্তরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ট্যুইটারে বলেছেন, ইভাঙ্কা ট্রাম্পের নেতৃত্বে হায়দরাবাদে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিনিধি দলের প্রতীক্ষায় তিনি রয়েছেন। এই শীর্ষ সম্মেলন হবে আগামী ২৮ থেকে ৩০ নভেম্বর পর্যন্ত।

এদিকে মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট ডিপার্টমেন্ট বলেছে, তাদের দেশের সঙ্গে ভারতের প্রধানমন্ত্রীর অত্যন্ত সুসম্পর্ক রয়েছে। প্রায় মাস খানেক আগে প্রধানমন্ত্রী মোদী এখানে এসেছিলেন। তাঁকে পেয়ে আমরা খুশি। ওই সময়েই প্রধানমন্ত্রী মোদী ট্রাম্প কন্যা ইভাঙ্কা ট্রাম্পকে জিইএস শীর্ষ সম্মেলনে আসার জন্য আমন্ত্রণ জানান। পরে ইভাঙ্কা ট্যুইটে প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে বলেছেন, আপনি আমাকে ভারতে জিইএস শীর্ষ সম্মেলনে আসার জন্য আমন্ত্রণ জানিয়েছেন, এর জন্য আপনাকে ধন্যবাদ জানাই।

হায়দরাবাদে আগামী ২৮ নভেম্বর শুরু হবে জিইএস শীর্ষ সম্মেলন। এই সম্মেলনের দিকে শিল্পপতিরা তাকিয়ে রয়েছেন। খুব সম্ভবত, ইভাঙ্কা ভারতে আসবেন সপরিবারে। তাঁর স্বামী জারেদ কুশনার এবং তিন শিশু সন্তানকে নিয়ে।

সেন্সর বোর্ডের নতুন চেয়ারম্যান প্রসূন যোশী

নয়াদিল্লি, ১১ আগস্ট : অবশেষে নানা বিতর্কের পর ফিল্ম সেন্সর বোর্ডের চেয়ারম্যান পদ থেকে সরিয়ে দেওয়া হল পহলাজ নিহালনিকে। সেন্সর বোর্ডের নতুন চেয়ারম্যান হলেন বিজ্ঞাপন নির্মাতা এবং চিত্রনাট্যকার প্রসূন যোশীকে। ২০১৪-এ নরেন্দ্র মোদীর প্রচার উপদেষ্টা ছিলেন তিনি। একই সঙ্গে সেন্সর বোর্ডের সদস্য হলেন চলচ্চিত্র অভিনেত্রী বিদ্যা বালন। প্রসঙ্গত, গত কয়েক মাস ধরে সেন্সর বোর্ডের নানা সিদ্ধান্ত নিয়ে দেশজুড়ে বিতর্কের ঢেউ ওঠে। বিশেষ করে বহু ছবিতে অনাবশ্যক কাজ চান সরকার বিরোধী কটাক্ষ হলে তাতে অনুমতি না দেওয়া ইত্যাদি অভিযোগে বিপাকে পড়েছিল সেন্সর বোর্ড। অভিযোগ ছিল মূলত পহলাজ নিহালনির বিরুদ্ধে। নিহালনির বিরুদ্ধে সবচেয়ে বড় অভিযোগ ওঠে নোবেল জয়ী অর্থনীতিবিদ্ অমর্ত্য সেনের ওপর নির্মিত একটি তথ্যচিত্রে কাঁচি চালানোয়। এ নিয়ে দেশজুড়ে প্রতিবাদ ওঠে।